

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ নবী চরিত রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

পরিশিষ্ট-১ - ১০. হজ্জ ও ওমরাহসমূহ (___ ےمُراته ص_)

আনাস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) মাত্র ১টি হজ্জ করেন এবং হিজরতের পরে মোট চারটি ওমরাহ করেন। (১) ৬৯ হিজরীতে হোদায়বিয়ার ওমরাহ (عُمْرَةُ الْخُدُنبِيَةِ), যা পূর্ণ না হওয়ায় তিনি সিদ্ধি করে ফিরে যান (২) ৭ম হিজরীতে গত বছরের সিদ্ধি মতে ওমরাহ (عُمْرَةُ الْقَضَاءِ) আদায় (৩) ৮ম হিজরীতে মক্কা বিজয় ও হোনায়েন যুদ্ধের পর গণীমত বল্টন শেষে জি'ইর্রা-নাহ হ'তে ওমরাহ (عُمْرَةِ الْجِعِرُّانَةِ) আদায় এবং (৪) সবশেষে ১০ম হিজরীতে বিদায় হজ্জের সাথে একত্রিতভাবে ওমরাহ আদায়। সবগুলিই তিনি করেছিলেন যুলকা'দাহ মাসে'।[1] উক্ত হিসাবে দেখা যায় যে, তিনি পৃথক ও স্বতন্ত্রভাবে কেবল দু'টি ওমরাহ করেছেন। একটি ৭ম হিজরীতে ওমরাতুল কাষা এবং অন্যটি ৮ম হিজরীতে ওমরাতুল জি'ইর্রানাহ। সম্ভবতঃ একারণেই ছাহাবী বারা বিন আযেব (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) তাঁর হজ্জের পূর্বে দু'টি ওমরাহ করেছেন যুলকা'দাহ মাসে'।[2]

ফুটনোট

- [1]. যাদুল মা'আদ ২/৮৬; বুখারী হা/৪১৪৮; মুসলিম হা/১২৫৩; মিশকাত হা/২৫১৮।
- [2]. বুখারী হা/১৭৮১; মিশকাত হা/২৫১৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5811

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন